

বিষয়: বাংলাদেশের অভ্যন্তরে করোনা ভাইরাস (COVID-19) প্রতিরোধের লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত কমিটি কর্তৃক লাশ সংকারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১২, তারিখ: ০১/০৩/২০২০খ্রি.

উপমুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে সূত্রাক্ত স্মারকে উপজেলা পর্যায়ে একটি কমিটি গঠিত হয়েছে এবং কমিটির জন্য সুনির্দিষ্ট দায়িত্ব অর্পিত হয়েছে। উল্লেখ্য, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু রোগের মৃত্যুকে করোনাজনিত মৃত্যু ভেবে করোনা আতংকের কারণে মৃতদেহ স□কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে লোকজন ভীত হচ্ছে এবং অনীহা প্রকাশ করছে। এ পরিপ্রেক্ষিতে মৃতদেহ স□কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় পর্যায়ে হতে কমপক্ষে ১০জন (৩জন মহিলাসহ) ব্যক্তিকে স্বেচ্ছাসেবী হিসেবে নির্বাচন করতে হবে। এই ১০ জন ব্যক্তি লাশ স□কারের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবে। তাদেরকে এ বিষয়ে প্রশিক্ষণের জন্য স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন/আল-মারকাজুল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বর্ণিতাবস্থায়, স্থানীয় পর্যায়ে মৃতদেহ স□কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমপক্ষে ১০জন (৩জন মহিলাসহ) ব্যক্তিকে স্বেচ্ছাসেবী হিসেবে নির্বাচন করত: তাদেরকে প্রশিক্ষণের জন্য স্থানীয় ইসলামিক ফাউন্ডেশন/আল-মারকাজুলের সাথে যোগাযোগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).....

স্মারক নং: ৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-৩১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

1. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
2. জেলা প্রশাসক (সকল).....
3. পুলিশ সুপার (সকল).....
4. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
5. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
6. অফিস কপি।

(শামীমা নাসরীন)
উপসচিব (পার-১)
ফোন নং: ০২-৯৫৭৭৯৮৪
ইমেইল: dsperl1@hds.gov.bd
তারিখ: ০১-০৪-২০২০

(শামীমা নাসরীন)
উপসচিব (পার-১)